



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/৫৪(০৩)/

তারিখ:

বিষয় : অধ্যক্ষ “জনাব মোঃ জুলফিকার আলী” এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার পূর্বক সমুদয় প্রাপ্য বেতন-ভাতাদি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ।

খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ নং স্মারক পত্র।

গ) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ জুলফিকার আলী এর ০৪-১০-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত মামলা নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ নং স্মারক পত্র অনুযায়ী, বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সময় সাময়িক বরখাস্ত রাখা যাবে না এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন-ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী যশোর জেলার কেশবপুর উপজেলাধীন “হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ” এর অধ্যক্ষ জনাব মোঃ জুলফিকার আলী এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার পূর্বক সাময়িক বরখাস্তের তারিখ হতে তার প্রাপ্য সমুদয় বেতন-ভাতা বিধিমোতাবেক পরিশোধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ

কেশবপুর, যশোর।

স্মারক নং-ক/অ/৫৪(০৩)/ ৭১১(১)/(১-১)

তারিখ : ৩০/১০/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সভাপতি, গভার্ণিং বডি, হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ, কেশবপুর, যশোর।
- ৮। জনাব মোঃ জুলফিকার আলী, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ, ডাক ও উপজেলা : কেশবপুর, যশোর।
- ৯। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর